

ইবতেদায়িতে চালু হবে মিড ডে মিল : নূরুল হক

অনলাইন ডেক্স



ইবতেদায়ি মাদরাসায় মিড ডে মিল এবং উপবৃত্তি চালু করা হবে

বলে জানিয়েছেন মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মিএঞ্চ মো.

নূরুল হক।

তিনি বলেন, মাদরাসায় বিজ্ঞান বিভাগ চালু করা হয়েছে, আগামী

সেশন থেকে ব্যবসায় শিক্ষাও চালু করা হবে।

শনিবার (১৩ সেপ্টেম্বর) দুপুরে লক্ষ্মীপুর সদরের ভবানীগঞ্জ

কারামতিয়া ফাজিল মাদরাসায় নবনির্মিত একাডেমিক ভবন

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

চেয়ারম্যান মিএঞ্চ মো. নূরুল হক বলেন, ‘মাদরাসা প্রতিষ্ঠার জন্য

বিগত সময়ে যে শর্ত দিয়ে আইনের বেড়াজালে সংকুচিত করা

হয়েছে, আমরা সেটি সম্প্রসারিত করছি।

মাদরাসা স্থাপন, পাঠদান অনুমতির শর্তগুলো আমরা শিখিল
করেছি। আমাদের সন্তানরা দ্বিনি শিক্ষায় শিক্ষিত হয়ে মানুষ হোক
আমরা বেশি বেশি চাই।’

তিনি আরো বলেন, ‘মাদরাসা শিক্ষার সিলেবাসের মধ্যে যেসব
সমস্যা আছে, সে সমস্যাগুলো আমরা সমাধান করার জন্য চেষ্টা
করছি। যোগ্য আলেম তৈরির জন্য যে ব্যবস্থা করার দরকার, সেটি
আমরা করব।

মাদরাসার মৌলিক শিক্ষার যেখানে পরিবর্তন হয়েছে, সেটাকে
আমরা আগের জায়গায় নিয়ে যেতে চাই। যাতে যোগ্য আলেম
তৈরি হয়।’

মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বলেন, ‘মাদরাসা শিক্ষায় যারা
শিক্ষিত হন, তাদের অন্তরে থাকে আল্লাহর ওহি জ্ঞান, রাসুলের
সুন্নাহর জ্ঞান। তারা হয় মানবিক, তারা হয় ভদ্র।

এ জন্য তারা কোনো অনিয়মের সঙ্গে যুক্ত হয় না।’

শিক্ষার্থীদের উদ্দেশে মিএঞ্চ মো. নূরুল হক বলেন, ‘বিগত সময়ে
মাদরাসার শিক্ষিত লোকদের চাকরি থেকে বঞ্চিত করা হয়েছে।
সামাজিকভাবে হেনস্তা করা হয়েছে। তারা ভালো রেজাল্ট করার
পরও ভাইভা পরীক্ষায় যখন মাদরাসার সার্টিফিকেট দেখেছে তখন
তাদের বঞ্চিত করেছে। সেই বঞ্চনা এবং বিরহের বিরুদ্ধেই ছিল
সংগ্রাম।

,

ভৰানীগঞ্জ কারামতিয়া ফাজিল মাদরাসার সহকারী অধ্যাপক

(বাংলা) কাজী হাবিবুর রহমানের সপ্তালনায় অনুষ্ঠানে বিশেষ

অতিথি হিসেবে বক্তব্য দেন দারূল উলুম কামিল মাদরাসার

সাবেক অধ্যক্ষ মাওলানা এ কে এম আবদুল্লাহ, কমলনগরের

হাজিরহাট হামিদিয়া কামিল মাদরাসার সাবেক অধ্যক্ষ মাওলানা

জায়েদ হোসেন ফারুক প্রমুখ।